বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
জাতীয় সদর দপ্তর, ঢাকা
৬৮৪-৬৮৬ রেড ক্রিসেন্ট সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭

## বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্বাচন কমিশন-২০২৬

### বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন উপলক্ষে সম্পূরক নির্দেশনা

নির্বাচনী তফসিলের পরিশিষ্ট-২ এ প্রদত্ত "বিশেষ নিয়মাবলী ও নির্দেশনা" (সংযুক্ত-১), মনোনয়ন ফরমে উল্লিখিত নির্দেশনা এবং নির্বাচনী আচরণ নীতিমালা (সংযুক্ত-২) এর যোগসূত্রে আরও কিছু নিয়মাবলী ও স্মর্তব্য বিষয় নিম্নে উল্লেখ করা করা হলো:

(১) মনোনয়নপত্র যথাযথভাবে পূরণপূর্বক নির্দিষ্ট কাগজপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে।

(২) একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করা যাবে না।

(৩) নিয়মাবলীতে বর্নিত প্রস্তাবক বা সমর্থক হিসেবে ভাইস চেয়ারম্যান ও ট্রেজারার পদের বিপরীতে একাধিক প্রার্থীর এবং সদস্য পদে ১২ জনের অধিক মনোনয়নপত্রে স্বাক্ষর বা তার নাম ব্যবহার না করার বিষয়টি আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

(৪) মনোনয়নপত্র দাখিল, বাছাই, প্রত্যাহার ইত্যাদি কার্যক্রমে প্রার্থীসহ তিনজনের অধিক না আসা এবং বাছাইকক্ষ বা এধরনের কার্যস্থলে একজনের বেশি থাকতে পারবে না।

(৫) মনোনয়নপত্র দাখিলের সময় বাছাইয়ের স্থান, তারিখ ও সময় জেনে নিতে হবে এবং নির্ধারিত সময়ে প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন;

তবে বাছাইয়ে কোন প্রার্থী উপস্থিত না থাকলেও মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রদান করা হয়েছে বলে গন্য হবে।

(৬) বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচনে প্রার্থীতা, ভোটগ্রহণ ও নির্বাচন পরিচালনার বিষয়ে ক্ষেত্রবিশেষে দেশে প্রচলিত আইন, বিধিমালা, নীতিমালা, উত্তম চর্চা প্রয়োগ করা যাবে।

(৭) উল্লিখিত নির্দেশনা প্রতিপালন না করার কারণে নির্বাচন কমিশন প্রার্থীতা বাতিল বা অনুরুপ ব্যবস্থা নিতে পারবে।

(৮) প্রার্থীতা, ভোটগ্রহণ ও নির্বাচন পরিচালনা সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে ।

---

09.09.26
মোঃ হাবিবুর রহমান খান
মহাসচিব, বিডিআরসিএস
ও
সচিব বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

9.9.26
ডাঃ মোঃ এমদাদুল হক
নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

৯/৯/২০২৬
মুশফিক আহাম্মদ
নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

৯/৯/২০২৬
ফরহাদ আহাম্মদ খান
প্রধান নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬